# রেকটো

## মরহম জাদীদ

**বর্ণনাঃ** প্রাকৃতিক ভেষজ উপাদানের সমন্বয়ে তৈরি ইউনানী ঔষধ রেকটো অর্শ, গেজ ও ফিশারের কারণে সৃষ্ট প্রদাহ, সংক্রমণ, জ্বালা-যন্ত্রনা ও ব্যথা-বেদনার চিকিৎসায় ব্যবহৃত হয়। রেকটো অয়েন্টমেন্ট ব্যাকটেরিয়া ও ফাংগাস বিরোধী এবং আর্দ্র কারক উপাদানের সমন্বয়ে প্রস্তুত যা পাইলস ও ফিসারের ব্যথা ও জ্বালা-পোড়া উপশম করে।

**প্রতি গ্রামে রয়েছেঃ**

| ক্র নং | উপাদান | বৈজ্ঞানিক নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১. | হামেজ বোরকী | Boric Acid | ০.১২ গ্রাম |
| ২. | সত্তে মাজু | Gallic Acid | ০.০৪ গ্রাম |
| ৩. | রওগন নীম | *Azadirachta indica* | ০.৬০ মিলি |
| ৪. | মোম যর্দ | Bee wax | ০.২৪ গ্রাম |

সূত্রঃ মরহম জাদীদ, বা.জা.ই.ফ।

**রেকটো অয়েন্টমেন্টে ব্যবহৃত ভেষজ উপাদান সমূহের সংক্ষিপ্ত ফার্মাকোলজিঃ**

১. **হামেজ বোরকী** ($H_3BO_3$): বোরিক এসিডের পচন বিরোধী বৈশিষ্ট্য রয়েছে। বোরিক এসিডের ভাইরাস, ব্যাকটেরিয়া, ও ছত্রাক বিরোধী এবং কীটনাশক ভূমিকা থাকার কারণে ইহা চর্ম রোগের চিকিৎসায় কার্যকর মলম জাতীয় ঔষধ প্রস্তুত করণে ব্যবহৃত হয়। ইহা অয়েন্টমেন্টের অন্যান্য উপাদানের সাথে মিশে আরো অধিক কার্যকরভাবে পাইলস ও ফিশারের জটিলতা নিরাময় করে।

২. **সত্তে মাজু** ($C_6H_2(OH)_3COOH$): ধারণা করা হয় গ্যালিক এসিডের ভাইরাস ও ছত্রাক বিরোধী বৈশিষ্ট্য রয়েছে। কষায়কারক বৈশিষ্ট্যের কারণে ইহা রক্ত ক্ষরণ বন্ধে অত্যন্ত কার্যকরভাবে ব্যবহৃত হয়। যে সব মলমে গ্যালিক এসিড থাকে তা অর্শ, ফিশার, পচন ও সোরিয়াসিস রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়।

৩. **নীম তেল** *(Azadirachta indica oil)*: নীম তেলের প্রধান কার্যকর উপাদান azadirachtin এর বিস্তৃত বর্ণালীর জীবাণু বিরোধী বৈশিষ্ট্য রয়েছে। ব্যাকটেরিয়ার কোষপ্রাচীর ধ্বংসের মাধ্যমে ইহা ব্যাকটেরিয়ার বৃদ্ধি রোধ করে। নিম তেলে ভিটামিন-ই এবং এসেনশিয়াল ফ্যাটি এসিড রয়েছে যা ব্যাকটেরিয়া ও ছত্রাক বিরোধী বৈশিষ্ট্য সম্পন্ন এবং একই সাথে ইহার আর্দ্র কারক ও ত্বকীয় কোষ পুন:উৎপাদনকারী বৈশিষ্ট্য রয়েছে। নীম তেলের পচন বিরোধী এবং আর্দ্রতা সৃষ্টিকারক বৈশিষ্ট্য থাকার কারণে ইহা মলদ্বারের পাইলস ও ফিশারের প্রদাহ, ফোলা ও জ্বালা-যন্ত্রনা উপশমে কার্যকর।

**রোগ নির্দেশনাঃ** পাইলস ও ফিশারের ফোলা, ব্যথা, চুলকানি ও জ্বালা-যন্ত্রনা।

**মাত্রা ও প্রয়োগবিধিঃ** প্রয়োজন মত দৈনিক ১-২ বার শুধুমাত্র বাহ্যিকভাবে ব্যবহারের জন্য।

**পার্শ্বপ্রতিক্রিয়াঃ** রেকটো অয়েন্টমেন্টে এখন পর্যন্ত কোন পার্শ্বপ্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

**বিরুদ্ধ প্রয়োগঃ** এর বিশেষ কোন উপাদানের প্রতি কারো ক্ষেত্রে সংবেদনশীলতা পরিলক্ষিত হলে সেক্ষেত্রে তা প্রতিনির্দেশিত।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালেঃ** গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে এ ঔষধটি ব্যবহারে কোন প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয়না।

**সরবরাহরূপঃ** প্রতি লেমিনেটেড টিউবে রয়েছে ২০ গ্রাম রেকটো অয়েন্টমেন্ট।

প্রস্তুতকারক:
IBN SINA
দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানী বিভাগ), সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।